

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৬, ২০২৫

[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/০৬ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নং ০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.২০.১—সরকার, পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯ এর বিধি-৩ এ 'সঞ্চয়পত্র ক্রয়ের যোগ্যতা' বিষয়ে যাহা কিছুই বলা থাকুক না কেন, জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবারের পুরুষ সদস্য, যাহাদের সরকার সহায়তা বাবদ 'পরিবার সঞ্চয়পত্র' প্রদান করিতে চায়, শহীদ পরিবারের উক্ত সদস্যদের নামে 'পরিবার সঞ্চয়পত্র' ক্রয়ের ক্ষেত্রে '৬৫ ও তদূর্ধ্ব বয়স' এর বিদ্যমান শর্ত এতদ্বারা প্রত্যাহার করিল।

০২। একইসাথে, আয়কর আইন, ২০২৩ এর ধারা-২৬৪ এ সঞ্চয়পত্র ক্রয়ের জন্য 'আয়কর রিটার্ন দাখিলের প্রমাণকের বাধ্যবাধকতা' বিষয়ে যাহা কিছুই বলা থাকুক না কেন, জাতীয় পরিচয়পত্র থাকিলে, জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবারের সদস্য, যাহাদের সরকার সহায়তা বাবদ যে পরিমাণ অর্থের 'পরিবার সঞ্চয়পত্র' প্রদান করিতে চায়, তাহাদের জন্য সেই পরিমাণ অর্থের সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমাণকের বাধ্যবাধকতার বিদ্যমান শর্ত এতদ্বারা প্রত্যাহার করিল।

০৩। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মকিমা বেগম
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮৩৭)

মূল্য : টাকা ৪.০০